ভোরের কাগজ

9

AUG. 24 1999
তারিখ ...
পৃষ্ঠা ৪ কলাম ৬

# কৃষি ইনস্টিটিউট বনাম কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট

বাংলাদেশে কৃষি শিক্ষার বিভিন্ন পর্যায় রয়েছে। যেমন : ডিপ্লোমা কোর্স, বিএসসি এজি কোর্স, এমএস কোর্স ইত্যাদি। কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ কৃষি ডিপ্লোমা কোর্সটি নিয়ন্ত্রণ করে। কিন্তু কৃষি ইনস্টিটিউট যে কোর্সটি নিয়ন্ত্রণ করে তার নাম বিএসসি এজি। কিন্তু এই দুয়ের পার্থক্য কি? শিক্ষিত সমাজও এ নিয়ে দ্বিধাগ্রস্ত হন। এই দুয়ের পার্থক্য নিয়ন্ত্রণকারী শব্দটি হচ্ছে 'প্রশিক্ষণ'। যেখানে ডিপ্লোমা কোর্স পড়ানো হয় সেখানে অবশ্যই প্রশিক্ষণ কথাটি থাকবে। যেমন : কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা। আর বিএসসি এজি কোর্স নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানটির মধ্যে প্রশিক্ষণ শব্দটি থাকবে না। যেমন : বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট।

এছাড়াও বর্তমানে কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটকে অনেক সময় কৃষি কলেজ বলে উল্লেখ করা হয়, যা অত্যন্ত হাস্যকর। কারণ কৃষি কলেজসমূহে বিএসসি এজি ডিগ্রি দেওয়া হয়। আশা করি, শিক্ষিত সমাজ আর দ্বিধাগ্রস্ত হবে না।

মিল্টন কুমার পালিত টান্টু
১০৭/সিরাজ-উদ-দৌলা হল
বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট
ঢাকা-১২০৭।